# কোটালীপাড়া পৌরসভা কার্যালয়

কোটালীপাড়া, গোপালগঞ্জ

স্মারক নং- কোপৌ/Standing-1/২০২১/ তারিখঃ

## নোটিশ

এতদ্বারা কোটালীপাড়া পৌরসভার নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সম্মানীত সদস্যগনকে জানানো যাইতেছে যে, আগামী ২৬/০৭/২০২১ ইং তারিখ রোজ সোমবার বেলা ১২:০০ ঘটিকার সময় পৌরসভা সম্মেলন কক্ষে নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির এক সভা অনুষ্ঠিত হইবে।

উক্ত সভায় সম্মানীত সদস্যবৃন্দকে স্বাস্থ্য বিধি মেনে উপস্থিত থাকার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হইল ।

আলোচ্য বিষয়সমূহঃ-
১) বিগত সভার কাযবিবরনী পাঠ ও অনুমোদ।
২) প্রতিবন্ধী নারী ও শিশুসহ সকল জনগোষ্ঠীর টেকসই জীবিকায়ন ও অন্তর্ভূক্তি মূলক উন্নয়ন সংক্রন্ত আলোচনা সিদ্ধান্ত গ্রহণ।
৩) করোনা ভাইরাসের দ্বিতীয় ঢেউয়ের সংক্রমন প্রতিরোধে “করোনা ভ্যাকসিন” গ্রহণের গুরুত্ব এবং এ সম্পর্কে সচেতনতা বৃদ্ধি সম্পর্কে আলোচনা।
৪) বিবিধ।

(সালেহা খানম)
সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর -২
ও
সভাপতি
নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
কোটালীপাড়া পৌরসভা
কোটালীপাড়া, গোপালগঞ্জ।

প্রাপকঃ জনাব-------------------------------
-------------------------------
সদস্য/ সদস্য-সচিব
নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
কোটালীপাড়া পৌরসভা
কোটালীপাড়া, গোপালগঞ্জ।

অনুলিপি সদয় অবগতির জন্য ঃ
১। মেয়র, কোটালীপাড়া পৌরসভা, কোটালীপাড়া , গোপালগঞ্জ।
২। সচিব, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ।
৩। নির্বাহী প্রকৌশলী, কোটালীপাড়া পৌরসভা , গোপালগঞ্জ।
৪। সংশিষ্ট নথি ।

# কোটালীপাড়া পৌরসভা কার্যালয়

কোটালীপাড়া, গোপালগঞ্জ।

ফোন নং- ০২৬৬৫১২৬৭ (অফিস), ০২৬৬৫১৩২৫ (বাসা), ফ্যাক্স ঃ ০২৬৬৫১২৬৭

E-mail: mayor_kotali.poura@yahoo.com


## নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সভায়

উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা সিট

তারিখ ঃ ২৮.০৭.২০২১ , সকাল ঃ বেলা ১২.০০ ঘটিকা

| ক্রঃ নং | নাম | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব সালেহা বেগম | সভাপতি | |
| ০২ | জনাব মোঃ কামাল হোসেন শেখ | সদস্য | |
| ০৩ | জনাব রুবিয়াা বেগম | সদস্য | রুবিয়া |
| ০৪ | জনাব রাবেয়া বেগম | সদস্য | রাবেয়া |
| ০৫ | জনাব নাসির উদ্দিন সরদার | সদস্য | |
| ০৬ | জনাব সঞ্জয় কুমার মজুমদার | সদস্য | মজুমদার |
| ০৭ | জনাব শিরিন আক্তার | সদস্য-সচিব | |

H:\Jan-March2021\Standing Commity Attandent

# কোটালীপাড়া পৌরসভা কার্যালয়

কোটালীপাড়া, গোপালগঞ্জ।

## নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্য বিবরনী

সভাপতি ঃ জনাব সালেহা খানম, কাউন্সিলর সংরক্ষিত ওয়ার্ড -২, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ ।
স্থান ঃ কোটালীপাড়া পৌরসভা কার্যালয়, গোপালগঞ্জ।
তারিখ ঃ ২৬/০৭/২০২১ খ্রিঃ।
রোজ ঃ সোমবার।
সময় ঃ বেলা ১২.০০ ঘটিকা।

### উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দের নাম (সর্ব জনাব) স্বাক্ষর ক্রমানুসারে

| ক্র: নং | নাম | পদবী |
|---|---|---|
| ০১ | জনাব মোঃ কামাল হোসেন শেখ | মেয়র, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ । |
| ০২ | জনাব রুবিয়াা বেগম | কাউন্সিলর, সংরক্ষিত ওয়ার্ড-১, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ । |
| ০৩ | জনাব রাবেয়া বেগম | কাউন্সিলর, সংরক্ষিত ওয়ার্ড-৩, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ । |
| ০৪ | জনাব নাসির উদ্দিন সরদার | কাউন্সিলর, ওয়ার্ড নং-০১, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ । |
| ০৫ | জনাব সঞ্জয় কুমার মজুমদার | কাউন্সিলর, ওয়ার্ড নং-০৬, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ । |
| ০৬ | জনাব শিরিন আক্তার | উচ্চমান সহকারী, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ । |

অদ্যকার সভায় সভাপতিত্ব করেন জনাব সালেহা খানম, কাউন্সিলর ,সংরক্ষিত ওয়ার্ড -২, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ। সভাপতি মহোদয় উপস্থিত সম্মানিত সকল সদস্য, কর্মকর্তা কর্মচারীবৃন্দকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ আরম্ভ করেন।

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ০১ | পূর্ববর্তী সভার কার্য বিবরনী পঠন ও অনুমোদন | বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় । কার্যবিবরনী সকলের মধ্যে বিতরণ করা হয় । | |
| ০২ | প্রতিবন্ধী নারী ও শিশুসহ সকল জনগোষ্ঠীর টেকসই জীবিকায়ন ও অন্তর্ভূক্তি মূলক উন্নয়ন সংক্রান্ত আলোচনা সিদ্ধান্ত গ্রহণ। | নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সদস্য এবং ৩ নং সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর জনাব রাবেয়া বেগম সকলকে শুভেচ্ছা জানিয়ে বলেন- অটিজমসহ অন্যান্য প্রতিবন্ধি শিক্ষার্থীদের শিক্ষা ব্যবস্থার পথ সুগম করার লক্ষে সমাজকল্যাণ মন্ত্রণালয় আওতায় সে সকল সুযোগ সুবিধা পাওয়া যায় তার ব্যবস্থা করতে হবে। নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির মাধ্যমে পৌর এলাকায় সে সকল প্রতিবন্ধি নারী-শিশুসহ অন্যান্য ব্যক্তি আছেন তাদের বাড়ির সম্মুখ থেকে মেনই সড়ক পর্যন্ত হুইল চেয়ারে যাতয়াতের জন্য স্পেশান সড়ক নির্মান করা হচ্ছে এবং পর্যায় ক্রমে সম্পন্ন করা হবে। অটিমজসহ অন্যান্য প্রতিবন্ধিতা বিষয়ে সাধারণ মানুষকে সচেতন করে তোলার লক্ষ্যে ফাউন্ডেশনের উদ্দ্যোগে প্রতিবন্ধি সেবা ও সাহায্য কেন্দ্রের ব্যবস্থা করা এবং সকল শারিরীক প্রতিবন্ধি জনগোষ্ঠীকে টেকসই জীবিকায়নের আওতায় আনতে হলে বিভিন্ন প্রকার আয় বর্ধক মূকল বিশেষ প্রশিক্ষণের ব্যবস্থা করা যেতে পারে। সর্বপরি প্রতিবন্ধী নারী ও শিশুসহ সকল জনগোষ্ঠীর উন্নয়ন এবং টেকসই জীবিকায়নে প্রয়োজন সংশ্লিষ্ট সকল সরকারী-বে সরকারী প্রতিষ্ঠানকে এগিয়ে আসা। | প্রতিবন্ধী নারী ও শিশুসহ সকল জনগোষ্ঠীর টেকসই জীবিকায়ন ও অন্তর্ভূক্তি মূলক উন্নয়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ০২ | করোনা ভাইরাসের দ্বিতীয় ঢেউয়ের সংক্রমন প্রতিরোধে "করোনা ভ্যাকসিন" গ্রহণের গুরুত্ব এবং এ সম্পর্কে সচেতনতা বৃদ্ধি সম্পর্কে আলোচনা। | নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সম্মানিত সদস্য জনাব রুবিয়াা বেগম বলেন - কার্যকর পরীক্ষা এবং বিদ্যমান প্রতিরোধ ব্যবস্থার সাথে সামঞ্জস্যপূর্ণ হলে কোভিড-১৯ এর ভ্যাকসিন মহামারীটেকে নিয়ন্ত্রণে আনার ব্যাপারে সহায়তা হিসাবে কাজ করবে। পাইপলাইনে বেশ কয়েকটি প্রতিশ্রুতিশীল ভ্যাকসিন অনুমোদনের জন্য পর্যালোচনাধীন রয়েছে এবং *ফাইজার, *অক্সফোর্ড-অ্যাস্ট্রাজেনেকা ভ্যাকসিনগুলি বেশ কয়েকটি কঠোর জাতীয় নিয়ন্ত্রক সংস্থার দ্বারা ব্যবহারের জন্য অনুমোদিত হওয়ায় নিরাপদ এবং কার্যকর ভ্যাকসিনের প্রতিযোগিতাটি এখন একটি নতুন অধ্যায়ের সূচনা করেছে। কোভিড-১৯ এর ফলে সৃষ্ট রোগটি | করোনা ভাইরাসের দ্বিতীয় ঢেউয়ের সংক্রমন প্রতিরোধে "করোনা ভ্যাকসিন" গ্রহণে সচেতনতা বৃদ্ধির প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। |

| | | | |
|---|---|---|---|
| | | শিশুদের জন্য মারাত্মক হুমকি স্বরুপ। তাৎক্ষণিক শারীরিক প্রভাবের চেয়েও রোগটির প্রভাব আরও ব্যাপক।<br>গণপ্রজাতন্ত্রী বাংলাদেরশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ঐকান্তিক প্রচেষ্টায় বিশ্বের বিভিন্ন দেশ থেকে ভ্যাকসিন আমদানি শুরু হয়েছে। দেশের প্রতিটি স্বাস্থ্য কমপ্লেক্সে শুধু মাত্র জাতীয় পরিচায় পত্র প্রদর্শন করলেই ভ্যাকসিন গ্রহণ করা যচ্ছে যা আমাদের জন্য স্বস্তির।<br>বিধায় আমাদের এই সম্ভবনাময় বাংলাদেশকে সমৃদ্ধশালী করতে হলে সকলকেই সঠিক নিয়মে স্বাস্থ্য বিধি মেনে চলতে হবে এবং যাদের ভ্যাকসিন নেয়ার বয়স হয়েছে দ্রুত ভ্যাকসিন গ্রহণ করতে হবে।<br>করোনা ভাইরাসে আক্রান্ত হলে বা লক্ষণ দেখা দিলে- জনসমাগম এড়িয়ে চলতে হবে। * যতবেশী পারেন আপনার কণ্ঠনালীকে আদ্র করে রাখুন, কোন অবস্থাতেই শুষ্ক হতে দেয়া যাবে না। * কাজেই তৃষ্ণা পেলেই পানি পান করুন। কণ্ঠনালী যদি শুষ্ক থাকে তবে মাত্র দশ মিনিটেই আপনি এই ভাইরাসে আক্রান্ত হতে পারেন। *৫০ থেকে ৮০ সিসি হালকা গরম পানি পান করুন আর ছোটদের জন্য ৫০ সিসির মধ্যে। *যখনই আপনি মনে করছেন আপনার কণ্ঠনালী শুষ্ক হয়ে আসছে অপেক্ষা না করে দ্রুত পানি পান করুন। * সবসময় হাতের কাছে বিশুদ্ধ পানি রাখুন। * একবারে প্রচুর পানি পান করে লাভ নেই, বরং অল্প অল্প বিরতিতে অল্প অল্প পান করে কণ্ঠনালীকে সব সময় ভিজিয়ে রাখুন। * জনাকীর্ণ জায়গা থেকে দূরে থাকুন। * ট্রেন, বাস এবং যে কোন পাবলিক ট্রান্সপোর্টেশানে মাস্ক পরুন। * ভাজাপোড়া এড়িয়ে চলুন। * যে সব খাবারে প্রচুর ভিটামিন সি আসে সেই খাবারগুলো বেশী করে খান।<br>এ প্রসঙ্গে নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সম্মানিত সদস্য জনাব শিরিন আক্তার আরো বলেন - করোনা ভাইরাস হওয়ার লক্ষণ সমূহ আমাদের সকলকে জেনে রাখা জরুরী। ১ম লক্ষণ- ঘন ঘণ উচ্চ তাপমাত্রার জ্বর। ২য় লক্ষণ- জ্বরের পর দীর্ঘায়িত কাশি। ৩য় লক্ষণ- বয়স্করে শারীরিক অসুস্থতাবোধ করা, মাথাব্যাথা, বিশেষকরে শ্বাস-প্রশ্বাস জনিত রোগে ভোগা। এছাড়াও শিশুদের হওয়া প্রবণতা বেশি। এই রোগ অত্যন্ত সংক্রামক বা ছোয়াচে। এই রোগে আক্রান্ত হওয়ার আগে সর্বোচ্চ প্রস্তুতি নিন। মনে রাখবেন- ফুসফুসে পৌছানোর আগে করোনা ভাইরাসটি চারদিন পর্যন্ত গলায় থাকে, এই সময়ে আক্রান্ত ব্যক্তি কাশি শুরু করে এবং গলায় ব্যাথা শুরু হয়। যদি তিনি প্রচুর পরিমাণে পানি পান করেন এবং গরম পানি, ভিনেগার বা লবণ দিয়ে জড়ানো ভাইরাসটি নির্মূল করেন, তাহলে খুব শীঘ্রই সুস্থ্য হয়ে উঠবেন। আতংকিত না হয়ে সচেতন হউন। করোনা ভইরাস রোগ প্রতিরোধে রোগতত্ত্ব, রোগনিয়ন্ত্রণ ও গবেষণা ইনষ্টিটিউট (আইইডিসিআর) এর জরুরী হট লাইন নম্বরে কল করুন- ০১৭০০ ৭০০৭৩৭, ০১৯৩৭ ১১০১১, ০১৯৩৭ ০০০০১১, ০১৯২৭ ৭১১৭৮৪, ০১৯২৭৭১১৭৮৫। | |
| ০৩ | বিবিধ | বিবিধে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন পূর্বক সভার সমাপ্তি ঘোষনা করেন। | |

(সালেহা খানম)
সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর- ২ ও
সভাপতি
নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ।